



ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক
www.rbi.org.in

আরবিআই/২০১২-১৩/৪৫৮

ডিজিবিএ.সিডিডি.নং.এইচ-৫৬০৩/১৫.০২.০০১/২০১২-১৩

মার্চ ২৮, ২০১৩

সভাপতি এবং পরিচালন অধিকর্তা /পরিচালন অধিকর্তা

প্রধান কার্যালয়, সরকারি লেখা বিভাগ
স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া/স্টেট ব্যাঙ্ক অফ পাটিয়ালা/
স্টেট ব্যাঙ্ক অফ বিকানির এন্ড জয়পুর /স্টেট ব্যাঙ্ক অফ ড্রাভাকোর/
স্টেট ব্যাঙ্ক অফ হায়দ্রাবাদ /স্টেট ব্যাঙ্ক অফ মাইসোর /অন্ধ্র ব্যাঙ্ক/
এলাহাবাদ ব্যাঙ্ক/ ব্যাঙ্ক অফ বরোদা / ব্যাঙ্ক অফ ইন্ডিয়া/
ব্যাঙ্ক অফ মহারাষ্ট্র /কানারা ব্যাঙ্ক/ সেন্ট্রাল ব্যাঙ্ক অফ ইন্ডিয়া/
কর্ণারেশন ব্যাঙ্ক /দেনা ব্যাঙ্ক/ ইন্ডিয়ান ব্যাঙ্ক /ইন্ডিয়ান ওভারসিজ ব্যাঙ্ক/
পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক/সিন্ডিকেট ব্যাঙ্ক/ ইউকো ব্যাঙ্ক/
ইউনিয়ন ব্যাঙ্ক অফ ইন্ডিয়া /ইউনাইটেড ব্যাঙ্ক অফ ইন্ডিয়া /বিজয়া ব্যাঙ্ক/
আইডিবিআই ব্যাঙ্ক লিমিটেড/আইসিআইসিআই ব্যাঙ্ক লিমিটেড

মহাশয়/মহাশয়া,

লোক ভবিষ্যনিধি প্রকল্প, ১৯৬৮ (পিপিএফ, ১৯৬৮) এবং বরিত্ত নাগরিক সঞ্চয় প্রকল্প, ২০০৪ (এসসিএসএস, ২০০৪)- সুদের হার সংশোধন

দয়া করে ক্ষুদ্র সঞ্চয় প্রকল্প-এর উপর সুদের হার সংক্রান্ত আমাদের জানুয়ারি ২০, ২০১২ তারিখের সার্কুলার নং আরবিআই/২০১১-১২/৩৫৯ দেখবেন, যেখানে বলা হয়েছে যে ক্ষুদ্র সঞ্চয় প্রকল্প-এর উপর সুদের হার-এর সংশোধন সংক্রান্ত সরকারের সিদ্ধান্ত অনুযায়ী প্রতি আর্থিক বছরের জন্য বিভিন্ন ক্ষুদ্র সঞ্চয় প্রকল্প-এর উপর সুদের হার সরকার কর্তৃক বিজ্ঞাপিত হবে সেই বছরে এপ্রিল ১-এর পূর্বে।

২. ভারত সরকার তাদের মার্চ ২৫, ২০১৩ তারিখের অফিস মোমোরেন্ডম (ওএম) নং. ৬-১/২০১১-এনএস.II.(সিটি)-এর মাধ্যমে আর্থিক বছর ২০১৩-১৪-র জন্য বিভিন্ন ক্ষুদ্র সঞ্চয় প্রকল্প-এর উপর প্রদেয় সুদের হার জানিয়ে দিয়েছেন। তদনুসারে, প্রকল্পের অন্তর্ভুক্ত চক্রবৃদ্ধিহারে সুদ/অর্থপ্রদান-এর ভিত্তিতে আর্থিক বছর ২০১৩-১৪-র জন্য পিপিএফ ১৯৬৮ ও এসসিএসএস, ২০০৪-এর জন্য সুদের হার, যা এপ্রিল ১, ২০১৩ থেকে বলবৎ হবে, নিম্ন হারে:

প্রকল্প	০১.০৪.২০১২ থেকে কার্যকরী সুদের হার	০১.০৪.২০১৩ থেকে কার্যকরী সুদের হার
৫ বছরের এসসিএসএস, ২০০৪	৯.৩% বার্ষিক	৯.২% বার্ষিক
পিপিএফ, ১৯৬৮	৮.৮% বার্ষিক	৮.৭% বার্ষিক

৩. এই সার্কুলারের বিষয়বস্তু আপনার ব্যাঙ্কের যে সমস্ত শাখাগুলি পিপিএফ, ১৯৬৮ এবং এসসিএসএস, ২০০৪ প্রকল্পগুলি নিয়ে কাজ করে তাদের নজরে আনবেন। পিপিএফ, ১৯৬৮ এবং এসসিএসএস, ২০০৪-এর গ্রাহকদের জন্য এ বিষয়টি আপনার শাখাগুলির নোটিস বোর্ডে প্রদর্শিত করবেন।

আপনার বিশ্বস্ত

(সঙ্গীতা লালওয়ানি)

উপ মহাপ্রবন্ধক